

তুমি কে গো, সখীরে কেন জানাও বাসনা ।
কে জানিতে চায়, তুমি ভালোবাস, কি ভালোবাস না ।
হাসে চন্দ্র, হাসে সন্ধ্যা, ফুল্ল কুঞ্জকানন,
হাসে হৃদয়-বসন্তে বিকচ যৌবন ।
তুমি কেন ফেল শ্বাস, তুমি কেন হাস না ।
এসেছ কি ভেঙে দিতে খেলা,
সখীতে সখীতে এই হৃদয়ের মেলা ।
আপন দুঃখ আপন ছায়া লয়ে যাও ।
জীবনের আনন্দ-পথ ছেড়ে দাঁড়াও ।
দূর হতে করো পূজা হৃদয়-কমল-আসনা ।

Parjaay: Mayar-Khela, Taal: Dadra, Raag: Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail